


বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, ঢাকা

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ১৬ মে ২০২২

কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে বাংলাদেশ আওয়ামী লীগের প্রার্থীর মনোনয়নোত্তর মিছিল ও একটি সভা অনুষ্ঠানের ভিডিও সমাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত হওয়ায় বিষয়টি তদন্ত করা হয়। উল্লিখিত তদন্ত প্রতিবেদনের বিষয়ে অদ্য ১৬ মে ২০২২ তারিখ মাননীয় কমিশনে আলোচনা হয়েছে। তদন্ত প্রতিবেদন অনুযায়ী কুমিল্লা সিটি কর্পোরেশন উপলক্ষে উল্লিখিত মিছিল ও সভা সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর পরিপন্থি। উল্লিখিত কার্যক্রম আচরণ বিধি পরিপন্থি হলেও অনিচ্ছাকৃতভাবে সংঘটন ও প্রথমবারের মত হওয়ায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা দায়ের না করে পরবর্তীতে পুনরাবৃত্তি রোধকল্পে বাংলাদেশ আওয়ামী লীগ হতে মনোনয়নপ্রাপ্ত প্রার্থী জনাব আরফানুল হক রিফাতকে সতর্ক করা হয়েছে। তাছাড়া কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে পরবর্তীতে নির্বাচন পূর্ব সময়ে আচরণ বিধি ভঙ্গের কোন ঘটনা না ঘটে বা আচরণ বিধি ভঙ্গের উপক্রম না হয় অথবা আচরণ বিধি প্রতিপালন নিশ্চিত হয় তার জন্য আচরণ বিধিমালার সংশ্লিষ্ট বিধি অবহিত করে জাতীয় সংসদের ২৫৪ কুমিল্লা ৬ আসনের মাননীয় সংসদ সদস্যকে পত্র দেয়ার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছে।



এস এম আসাদুজ্জামান
পরিচালক (জস) ও যুগ্মসচিব (সিসি)